তারিখ 24 DEC 2017
পৃষ্ঠা 2 কলাম

যুগান্তর

# রাকসু নির্বাচন নিয়ে ক্যাম্পাসে আজ মুক্ত আলোচনা

**রাবি প্রতিনিধি**

'কেন রাকসু চাই' শীর্ষক মুক্ত আলোচনায় আজ বসতে যাচ্ছে বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠন এবং রাকসুর সাবেক নেতারা। মুক্ত আলোচনা বিষয়ে জানাতে শনিবার বেলা ১১টার দিকে রাবি কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় সংবাদ সম্মেলনের আয়োজন করে ছাত্র ফেডারেশন। সংবাদ সম্মেলনে জানানো হয়, আজ দুপুর ১২টা দিকে শহীদ ড. শামসুজ্জোহার সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে 'কেন রাকসু চাই' শীর্ষক দিনব্যাপী কর্মসূচি শুরু হবে। বিকাল ৩টায় ডিনস কমপ্লেক্সে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হবে। সেখানে রাকসুর সাবেক ভিপি রাকিব হাসান মুন্না, ছাত্র প্রতিনিধি (৯০-৯১) বাবুল খানসহ বিভিন্ন ছাত্র সংগঠনের শীর্ষ নেতারা অংশ নেবেন। শিক্ষক সমিতির নেতাদেরও আলোচনায় আমন্ত্রণ জানানো হয়েছে। মুক্ত আলোচনা শেষে সন্ধ্যায় রাবির বধ্যভূমিতে মোমবাতি প্রজ্বালন করা হবে।

এদিকে শুক্রবার অনুষ্ঠিত হয় রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের দাবি নিয়ে 'ডিবেট ফর রাকসু'। বিশ্ববিদ্যালয়ের শহীদ স্মৃতি সংগ্রহশালা মুক্তমঞ্চে এ কর্মসূচির আয়োজন করে 'শিক্ষার্থীদের আন্দোলন মঞ্চ'। ডিবেট ফর রাকসু কর্মসূচিতে অংশ নিয়ে বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা 'রাকসু নির্বাচন ছাত্র নেতৃত্বকে নতুন মাত্রা দেবে' বিষয়ে পক্ষে ও বিপক্ষে বিতর্ক করেন। এতে ছাত্রসংগঠনগুলোর ভূমিকা ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

উল্লেখ্য, ১৩ ডিসেম্বর রাবির শহীদ মিনার চত্বরে শপথ পাঠ ও মোমবাতি প্রজ্বালনের মধ্য দিয়ে রাকসু নির্বাচন দাবিতে দীর্ঘমেয়াদি আন্দোলন শুরু করে 'শিক্ষার্থীদের আন্দোলন মঞ্চ'।